



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর

www.iau.edu.bd

বাড়ি নং-১২৪/৯০/০৩, ব্লক-বি, রোড নং-০২, বসিলা ওয়েস্ট খানমন্ডি, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল পাস-প্রা.পা/ঢাকা/২০২৫/১৫৫৯৮

তারিখ: ১৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে নোহার নান্দলা আলিম মাদরাসা (NOHAR NANDALA ALIM MADRASAH, EIIN:110479, CODE: 12241) ডাকঘর: চৌদ্দশত, উপজেলা: কিশোরগঞ্জ সদর, জেলা: কিশোরগঞ্জ এর অধ্যক্ষের ২০.১০.২০২৫ খ্রি. তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ ১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে অনুচ্ছেদ-১৩ এর ও মোতাবেক নিম্নোক্ত শর্তে ২৭.০১.২০২৬ খ্রি. থেকে ২৬.০১.২০২৯ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো-

শর্তসমূহ:

১. ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের ভর্তির কার্যক্রম চালু হবে।
২. মাদরাসার চারপাশে সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে।
৩. মাদরাসার প্রবেশ পথে দৃষ্টিনন্দন প্রধান ফটক নির্মাণ করে বাংলা ও আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে পাঠদান অনুমতিপ্রাপ্ত” কথাটি লিখতে হবে।
৪. শ্রেণিকক্ষের সামনে বাংলা ও আরবিতে শ্রেণিকক্ষের নাম লিখতে হবে।
৫. ফাজিল শ্রেণিতে পাঠদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ দিতে হবে।
৬. লাইব্রেরির জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করত: ফাজিল স্তরের সকল পাঠ্যগ্রন্থ ও সহায়ক গ্রন্থ সংগ্রহ পূর্বক মাদরাসার লাইব্রেরিকে সমৃদ্ধ ও সুসজ্জিত করতে হবে।
৭. বিল ভাউচারগুলো সংরক্ষণসহ আয়-ব্যয়ের হিসাব কলামনার ক্যাশ বইয়ে যথাসময়ে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে ও প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে এবং আর্থিক সকল কার্যক্রম ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
৮. অধ্যক্ষের কক্ষ আরো দৃষ্টিনন্দন ও এটাচ বাথরুমের ব্যবস্থা করতে হবে।
৯. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


(মোঃ গিয়াস উদ্দীন)

মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

নোহার নান্দলা আলিম মাদরাসা


ডাকঘর: চৌদ্দশত, উপজেলা: কিশোরগঞ্জ সদর, জেলা: কিশোরগঞ্জ।

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল পাস-প্রা.পা/ঢাকা/২০২৫/১৫৫৯৮

তারিখ: ১৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদস্য অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, ইআবি (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদস্য অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, নোহার নান্দলা আলিম মাদরাসা, চৌদ্দশত, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।
৭. অফিস নথি।


(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়